



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৪.২৫.০২৭.২০১৮. ০২৫৩

তারিখঃ ০৫/৭/২০২২খ্রি.

বিষয়ঃ দীর্ঘ দিন পরে অভোগকৃত বহিঃ বাংলাদেশ ছুটি বাতিলের আবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা প্রফেসর মোছাঃ মঞ্জুরা খানম-৫৬৫৩, অধ্যক্ষ, রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর। আপনি সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) হিসেবে রাজশাহী কলেজ, রাজশাহীতে কর্মরত থাকাকালীন আপনার নামে শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৫/২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮.০৮৭.২০১৬/৩০৭ নং স্মারক মোতাবেক পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে ০১/০৮/২০১৬ তারিখ থেকে ১৯/০৯/২০১৬ তারিখ পর্যন্ত ৫০ (পঞ্চাশ) দিন অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ৫০ (পঞ্চাশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু ১৮/০৬/২০২২ তারিখের রাভসমক/২১৭/২০২২ নং স্মারক মোতাবেক ১০/০৫/২০১৬ তারিখে আপনার নামে মঞ্জুরকৃত ৫০ (পঞ্চাশ) দিন অভোগকৃত বহিঃবাংলাদেশ ছুটি বাতিলের জন্য আবেদন করেছেন। কেন আপনি দীর্ঘ দিন পরে অভোগকৃত বহিঃবাংলাদেশ ছুটি বাতিলের আবেদন করেছেন তার যথাযথ ব্যাখ্যা পত্র প্রাপ্তির ১০(দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ ওয়াহিদুজ্জামান (৩৯২৪)
উপ-পরিচালক(কলেজ-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

প্রফেসর মোছাঃ মঞ্জুরা খানম-৫৬৫৩

অধ্যক্ষ

রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. অধ্যক্ষ, রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পি-এটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. সংরক্ষণ নথি।